

আল-মুযযাম্মিল | Al-Muzzammil | الْمُزَّمِّل

আয়াতঃ ৭৩ : ১৫

আরবি মূল আয়াত:

إِنَّا أَرْسَلْنَا إِلَيْكُمْ رَسُولًا شَاهِدًا عَلَيْكُمْ كَمَا أَرْسَلْنَا إِلَىٰ فِرْعَوْنَ رَسُولًا

﴿ ১৫ 》

অনুবাদসমূহ:

নিশ্চয় আমি তোমাদের জন্য সাক্ষীস্বরূপ তোমাদের কাছে রাসূল পাঠিয়েছি যেমনিভাবে ফির'আউনের কাছে রাসূল পাঠিয়েছিলাম। — আল-বায়ান

আমি তোমাদের কাছে তেমনিভাবে একজন রসূলকে তোমাদের প্রতি সাক্ষ্যদাতা হিসেবে পাঠিয়েছি (যিনি ক্রিয়ামতে সাক্ষ্য দিবেন যে, দ্বীনের দাওয়াত তিনি যথাযথভাবে মানুষের কাছে পৌঁছে দিয়েছেন) যেমনভাবে আমি ফেরাউনের কাছে পাঠিয়েছিলাম একজন রসূলকে। — তাইসিরুল

আমি তোমাদের নিকট পাঠিয়েছি রাসূল তোমাদের জন্য সাক্ষী স্বরূপ, যেমন রাসূল পাঠিয়েছিলাম ফিরআউনের নিকট। — মুজিবুর রহমান

Indeed, We have sent to you a Messenger as a witness upon you just as We sent to Pharaoh a messenger. — Sahih International

১৫. নিশ্চয় আমরা তোমাদের কাছে পাঠিয়েছি এক রাসূল তোমাদের জন্য সাক্ষীস্বরূপ যেমন রাসূল পাঠিয়েছিলাম ফির'আউনের কাছে,

-

তাফসীরে জাকারিয়া

(১৫) আমি তোমাদের নিকট তোমাদের জন্য সাক্ষী স্বরূপ[১] এক রসূল পাঠিয়েছি, যেমন রসূল পাঠিয়েছিলাম ফিরআউনের নিকট।

[১] যিনি ক্রিয়ামতের দিন তোমাদের কৃতকর্মের ব্যাপারে সাক্ষ্য দেবেন।

তাফসীরে আহসানুল বায়ান

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন